

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

মুসক অনুবিভাগ

আদেশ

সাধারণ আদেশ নং-০৬/মুসক/২০১২ তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ সেবাপ্রদানকারী নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সরবরাহকৃত সেবার মূল্যভিত্তি ঘোষণা  
প্রদান প্রসঙ্গে।

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫(৪) ও ধারা ৭ এর উদ্দেশ্যপূরণকল্পে, কোনো  
নিবন্ধিত ব্যক্তি কর্তৃক নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) এবং  
উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এবং কলাম (৩) এ বর্ণিত সরবরাহযোগ্য সেবার  
উপর প্রদেয় মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্যের লক্ষ্যে  
সংশ্লিষ্ট সেবার মূল্যভিত্তি সম্পর্কিত ঘোষণা দাখিল করিবার জন্য নিম্নবর্ণিত সেবাসমূহকে নির্ধারণ  
করিল, যথা:-

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No.)	সেবার কোড	সরবরাহযোগ্য সেবা
(১)	(২)	(৩)
S০০১	S০০১.১০	হোটেল
S০১০	S০১০.২০	ভবন নির্মাণ সংস্থা
S০১৬	S০১৬.০০	ট্রাভেল এজেন্সী
S০১৭	S০১৭.০০	কমিউনিটি সেন্টার
S০২২	S০২২.০০	মিষ্টান্ন ভান্ডার
S০২৪	S০২৪.০০	আসবাবপত্রের বিপণন কেন্দ্র
S০২৮	S০২৮.০০	কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস
S০৩০	S০৩০.০০	বিউটি পার্লার
S০৩৪	S০৩৪.০০	অডিট এন্ড একাউন্টিং ফার্ম
S০৩৫	S০৩৫.০০	শিপিং এজেন্ট
S০৩৬	S০৩৬.১০	শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস
	S০৩৬.২০	শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিস

শিরনামা সংখ্যা (Heading No.)	সেবার কোড	সরবরাহযোগ্য সেবা
(১)	(২)	(৩)
	So৩৬.৩০	শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল রেলওয়ে সার্ভিস
So৩৯	So৩৯.১০	স্যাটেলাইট ক্যাবল অপারেটর
So৪০	So৪০.০০	সিকিউরিটি সার্ভিস
So৪৫	So৪৫.০০	আইন পরামর্শক
So৪৬	So৪৬.০০	হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার
So৪৯	So৪৯.০০	যানবাহন ভাড়া প্রদানকারী
So৫০	So৫০.১০	আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার ও ইন্টেরিয়র ডেকোরেরটর
So৫৬	So৫৬.০০	ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী
So৫৮	So৫৮.০০	চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা
So৬১	So৬১.০০	ক্রেডিট কার্ড প্রদানকারী সংস্থা
So৬৩	So৬৩.০০	টেইলারিং সপ ও টেইলার্স (শীতাতপ নিয়ন্ত্রিত)
So৬৪	So৬৪.১০	এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক
So৬৪	So৬৪.২০	পিকনিক স্পট, শ্যুটিং স্পট ও পর্যটন স্থান বা স্থাপনা।

০২। উক্তরূপ ঘোষণা ফরম 'ক' এ দাখিল করিতে হইবে এবং দাখিলকৃত ঘোষণার ভিত্তিতেই, ঘোষণা দাখিলের তারিখ হইতে, নিবন্ধিত ব্যক্তি তাহার সরবরাহযোগ্য সেবার উপর প্রদেয় কর নির্ধারণ ও পরিশোধপূর্বক সেবা প্রদান করিতে পারিবেন।

০৩। অনুচ্ছেদ ০২ অনুযায়ী ঘোষিত মূল্যভিত্তির কোনো পরিবর্তন সাধনের প্রয়োজন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর করিবার ৭(সাত) কার্যদিবস পূর্বে নিবন্ধিত ব্যক্তি 'ফরম-ক' এ মূল্যভিত্তির একটি নতুন ঘোষণা বা পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী, যাহাই প্রযোজ্য হোক না কেন, বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন এবং নতুনভাবে বা সংশোধিত মূল্যভিত্তি অনুযায়ী প্রদেয় কর নিরূপন ও পরিশোধ করিবেন। নির্ধারিত সেবা প্রদানকারীর উক্তরূপ মূল্য ঘোষণার ক্ষেত্রে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩ এ বিধৃত বিধানাবলীর আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গৃহীত হইবে।

০৬। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩ক এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইল।